

প্রেস রিলিজ

শিক্ষা মন্ত্রণালয়

মাননীয় উপদেষ্টার দপ্তর

শিক্ষা উপদেষ্টার সাথে বিশ্ব ব্যাংকের কান্ট্রি ডিরেক্টরের নেতৃত্বে প্রতিনিধিদলের সাক্ষাৎ

শিক্ষা মন্ত্রণালয়, রবিবার ১৫ সেপ্টেম্বর, ২০২৪

আজ শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ এর সাথে তার অফিস কক্ষে বিশ্ব ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর Abdulaye Seck এর নেতৃত্বে ৯ সদস্যের প্রতিনিধিদল সাক্ষাৎ করেন। সাক্ষাতকালে বাংলাদেশের উন্নয়নে বিভিন্ন সেক্টরে বিশ্বব্যাংকের বাজেট সহায়তার বিষয়ে আলোচনা হয়।

সাক্ষাতকালে শিক্ষা উপদেষ্টা বলেন, বিশ্ব ব্যাংক বাংলাদেশের দীর্ঘদিনের উন্নয়ন সহযোগী। বাংলাদেশের উন্নয়নে বিশ্বব্যাংকের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন উপদেষ্টা।

ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, ছাত্র-জনতার অভ্যুত্থানের মাধ্যমে গঠিত অন্তর্বর্তীকালীন সরকার। অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনুসের নেতৃত্বে উপদেষ্টা পরিষদ টিম ওয়ার্কের মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন সেক্টরের সংস্কার ও পূর্ণগঠনে কাজ করে যাচ্ছে। তিনি জনগণের প্রত্যাশা ও আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটে যেমন: কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, মাইক্রোফ্রেডিট ও শিল্পের উন্নয়নে বিশ্বব্যাংকের সহযোগিতা কামনা করেন।

বিশ্বব্যাংকের পক্ষ থেকে এনার্জি সেক্টর, ডেটা সেক্টর, আইটি সিস্টেম, সোশ্যাল ডেভেলপমেন্ট এবং স্বাস্থ্যক্ষেত্রের উন্নয়নে বাজেট সহযোগিতার আশ্বাস দেন। আলোচনায় পূর্বের যেসব প্রকল্পগুলোর কার্যক্রম গতিহীন এবং বাস্তবায়ন করা হয়নি সে সকল প্রকল্পের বরাদ্দকৃত বাজেট নতুন জনবান্ধব প্রকল্পে স্থানান্তরের বিষয়ে উপদেষ্টা ও বিশ্ব ব্যাংকের প্রতিনিধিদল একমত পোষণ করেন।

সিরাজ উদ-দৌলা খান

সিনিয়র তথ্য অফিসার

০১৭১৭০৫৯৩৭২